216

NOV. 1 6 2000

তারিখ ...................
পৃষ্ঠা ১২ কলাম ৪

ভোরের কাগজ

### শিক্ষক সমিতি ফেডারেশনের সংবাদ সম্মেলন

# ডিগ্রি পরীক্ষার সময় নকল বন্ধে কলেজে ছাত্র সংসদের কার্যকারিতা স্থগিত করুন

কাগজ প্রতিবেদক : শিক্ষক সমিতি ফেডারেশন আসন্ন ডিগ্রি পরীক্ষায় যারাই অসদুপায় অবলম্বন করবে তারা শিক্ষক বা অন্য যে-ই হোক তাদেরকে প্রতিরোধ করার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছে। পাশাপাশি ফেডারেশন শিক্ষাঙ্গন ও পরীক্ষা কেন্দ্রে দলীয় রাজনৈতিক অনুপ্রবেশ বন্ধসহ পরীক্ষা পদ্ধতির প্রয়োজনীয় সংস্কার সাধনের জন্য সরকারের প্রতি দাবি জানিয়েছে।

আগামী ১৮ নভেম্বর থেকে শুরু হওয়া ডিগ্রি পরীক্ষাকে সামনে রেখে ফেডারেশনের উদ্যোগে গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত সংবাদ সম্মেলন থেকে এ আহ্বান রাখা হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ।

লিখিত বক্তব্যে বলা হয়, এদেশের জাতীয় অস্তিত্বের স্বার্থেই যেকোনো মূল্যে পরীক্ষায় দুর্নীতি রোধ করতে হবে। এজন্য যেসব শিক্ষক অসদুপায় অবলম্বনে সহায়তা করবে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। তবে তার আগে যথোপযুক্ত তদন্তের মাধ্যমে দোষী ব্যক্তিকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া প্রয়োজন।

এতে আরো বলা হয়, শিক্ষকরা এককভাবে পরীক্ষায় নকল রোধে সক্ষম নন। তারা অবশ্যই উদ্যোগী ভূমিকা নেবেন। তবে এ জন্য প্রয়োজন শিক্ষক, অভিভাবক ও প্রশাসনের যৌথ ও সমন্বিত উদ্যোগ। লিখিত বক্তব্যে বাস্তব কারণেই পরীক্ষা চলাকালীন কলেজগুলোতে ছাত্র সংসদের কার্যকারিতা স্থগিত রাখার দাবি জানানো হয়।

সংবাদ সম্মেলনে সংসদ সদস্য ও রাজনৈতিক নেতৃবৃন্দকে পরীক্ষার সময়ে তাদের দলভুক্ত ছাত্র-অছাত্র কর্মীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ থেকে বিরত রাখারও অনুরোধ জানানো হয়।